



# PRESS CLUB, KOLKATA

Registration No.- S0006012 of 1963 - 1964

তারিখঃ ০২-০৩-২০২২

## প্রেস ক্লাব, কলকাতা

### বিজ্ঞপ্তি

পুরুলিয়ায় অনুষ্ঠিতব্য সাংবাদিক প্রশিক্ষণ কর্মশালায় যোগদানের দরখাস্ত আহ্বান

প্রেস ক্লাব, কলকাতা, পুরুলিয়া জার্নালিস্ট ক্লাব এবং ইউনিসেফ, পশ্চিমবঙ্গ দপ্তর এর সহযোগিতায় আগামী ১০-১২ মার্চ ২০২২ পুরুলিয়া শহরে উন্নয়নমূলক সাংবাদিকতার বিষয়ে একটি সাংবাদিক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করতে চলেছে। এই কর্মশালায় অংশগ্রহণ করতে আগ্রহী পার্শ্ববর্তী বাঁকুড়া এবং ঝাড়গ্রাম জেলার সাংবাদিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শিবিরে অংশগ্রহণকারী সাংবাদিকদের থাকার খাওয়ার ব্যবস্থা করা হবে এবং আসা যাওয়ার বাস/ট্রেন ভাড়া দেওয়া হবে। অংশগ্রহণকারী সাংবাদিকদের তিন দিনই কর্মশালার পুরো সময়টা উপস্থিত থাকতে হবে। কর্মশালার শেষে অংশগ্রহণের শংসাপত্র দেওয়া হবে।

এই কর্মশালায় অংশগ্রহণ করতে ইচ্ছুক বাঁকুড়া ও ঝাড়গ্রাম জেলার সাংবাদিকদের নাম, সংবাদ প্রতিষ্ঠান, মোবাইল নম্বর, ইমেইল, ঠিকানা, সাংবাদিকতার অভিজ্ঞতা উল্লেখ করে নিচের মেইল আইডি তে মেইল পাঠাতে হবে। আসন সংখ্যা সীমিত। আগে এলে আগে পাওয়া যাবে এই অগ্রাধিকারের ভিত্তিতে অংশগ্রহণকারীদের নির্বাচিত করা হবে। তবে নির্বাচনের দায়িত্ব কতৃপক্ষের।

অনুমত্যানুসারে,

প্রেস ক্লাব, কলকাতা

[Pressclubkolkata1@gmail.com](mailto:Pressclubkolkata1@gmail.com)

Maidan Tent, Press Club Path, Kolkata - 700 069, Tele Fax : 2248 8078  
E-mail : [pressclubkolkata@gmail.com](mailto:pressclubkolkata@gmail.com), Website : [www.pressclubkolkata.com](http://www.pressclubkolkata.com)